গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
e-mail: dmss@dgfood.gov.bd
web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৯৯.০০১.২০- ১০৬(৭৮)  তারিখঃ ১৬/০৩/২০২০ খ্রি.

# আদেশ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে কৃষি মন্ত্রণালয় কর্তৃক ইউনিয়ন পর্যায়ে আয়োজিতব্য 'বঙ্গবন্ধু কৃষি উৎসবে' খাদ্য অধিদপ্তরের স্থানীয় দপ্তরের অংশগ্রহণ সংক্রান্ত সভা ১০/০৩/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। খাদ্য মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের কার্যক্রম পরস্পর সম্পর্কযুক্ত এবং উক্ত মেলা/ বঙ্গবন্ধু কৃষি উৎসব গ্রামীণ পর্যায়ে উদযাপিত হবে। এ মেলায় খাদ্য অধিদপ্তরের স্থানীয় অফিস অংশগ্রহণ করলে খাদ্য মন্ত্রণালয়/খাদ্য অধিদপ্তরের যে সকল সেবা/কার্যক্রম রয়েছে সে সম্পর্কে দেশের আপামর জনগণকে অবহিত করার সুযোগও সৃষ্টি হবে। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয় কর্তৃক গত ০২ মার্চ, ২০২০ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০১২.১৬.০১৩.২০-২৩২ নং স্মারকে খাদ্য মন্ত্রণালয়কে ইউনিয়ন পর্যায়ে আয়োজিতব্য "বঙ্গবন্ধু কৃষি উৎসব"এ অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, কৃষি মন্ত্রণালয় কর্তৃক ইউনিয়ন পর্যায়ে আয়োজিতব্য 'বঙ্গবন্ধু কৃষি উৎসব'-এ খাদ্য মন্ত্রণালয়/ খাদ্য অধিদপ্তরের স্থানীয় দপ্তরের অংশগ্রহণ ও নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(১) কৃষি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধু কৃষি উৎসবে খাদ্য অধিদপ্তরের স্থানীয় দপ্তরের সক্ষমতা অনুযায়ী সম্ভাব্য সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(২) উৎসব উপলক্ষ্যে আয়োজিত মেলায় খাদ্য অধিদপ্তরের স্থানীয় দপ্তরকে একটি স্টল বরাদ্দের জন্য কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগপূর্বক স্টল বরাদ্দ নিশ্চিত করতে হবে।

(৩) মেলায় প্রাপ্যতা সাপেক্ষে খাদ্য মন্ত্রণালয়/খাদ্য অধিদপ্তরের নিম্নলিখিত কার্যক্রম/সেবা প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
(ক) "ধান ক্রয় সংক্রান্ত কৃষকের অ্যাপস" এর লিফলেট এবং কৃষক রেজিস্ট্রেশন পদ্ধতি;
(খ) ধানের সাইলো সংক্রান্ত তথ্য এবং পারিবারিক সাইলো প্রদর্শন;
(গ) পুষ্টি চাল এবং এর উপাদান ও গুণাগুণ সংশ্লিষ্ট প্রকাশনা এবং ব্যানার/ফেস্টুন ইত্যাদি;
(ঘ) নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা এবং হোটেল রেস্তোরা ও অন্যান্য খাদ্য স্থাপনায় পালনীয় নির্দেশনাসহ এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনাসমূহের প্রকাশনা, লিফলেট প্রদর্শন;
(ঙ) নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট অডিও ভিজুয়াল প্রদর্শন;
(চ) ৬-২৩ মাস বয়সী শিশুদের জন্য ঘরে তৈরি উন্নত পরিপূরক খাদ্য প্রস্তুত প্রণালি, Food Composition Table for Bangladesh এবং জাতীয় খাদ্য গ্রহণ নির্দেশিকাসহ খাদ্য মন্ত্রণালয়ের প্রদর্শনযোগ্য অন্যান্য প্রকাশনা;
(ছ) এছাড়া স্থানীয় পরিস্থিতি বিবেচনায় খাদ্য মন্ত্রণালয় সংক্রান্ত মেলার সাথে সামঞ্জস্যপূর্ণ অন্য কোন বিষয়।

স্বা:
(সারোয়ার মাহমুদ)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৯৯.০০১.২০-১০৬(৭৮)  তারিখঃ ১৬/০৩/২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতা অনুসারে নয়)

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা; (প্রয়োজনীয় সংখ্যক Food Composition Table for Bangladesh-বই, অডিও ভিজুয়াল সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।)
৩। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ঢাকা; (প্রয়োজনীয় সংখ্যক ব্যানার/ফেস্টুন, উপকরণ সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।)
৪। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)..........................................;
৯। অফিস কপি।

১৬/০৩/২০

মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

E:\Letter (order) admin.doc